দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 29 APR 2010 ...
পৃষ্ঠা ...১৪... কলাম ...৬... ......

# জবি শিক্ষককে সাময়িক বহিষ্কার

■ জবি সংবাদদাতা

বিভাগের ছাত্রীকে হুমকির অভিযোগে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) এক শিক্ষককে সাময়িক বহিষ্কার করেছে জবি প্রশাসন। গতকাল বৃহস্পতিবার বিকালে বিশ্ববিদ্যালয়ের ৭১তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের মাস্টার্সে দুই ছাত্রী একই বিভাগের সহযোগী অধ্যাপক মীর মোশারেফ হোসেনের (রাজীব মীর) বিরুদ্ধে ওই অভিযোগ জবি উপাচার্যের কাছে দিয়েছিলেন।

এদিকে ক্যাম্পাসে বিশৃঙ্খলার অভিযোগে জবির ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থী পিয়াসকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করেছে জবি প্রশাসন।